

20 FEB-20-3...  
১০... ১

### এবার একুশে পদক পেলেন যারা

শিক্ষা, সাংবাদিকতা ও অন্যান্য ক্ষেত্রে অনন্য অবদানের স্বীকৃতি হিসাবে সরকার যুধবার একুশে পদক ২০০৩-এর জন্য ১১ ব্যক্তিকে ও ১টি সংস্থার নাম ঘোষণা করেছে।  
উৎসাহ বিবরণীর বরাত দিয়ে বাসস জানান, পদকপ্রাপ্ত ব্যক্তিরা হলেন শিক্ষায় জেবুনেসা রহমান (মরণোত্তর), অধ্যাপক মুহাম্মদ শামস উল হক, অধ্যাপক মুহাম্মদ একরামুল হক (মরণোত্তর) ও গোবেদা খানম (মরণোত্তর), গবেষণায় অধ্যাপক আবদুল মান্নান সৈয়দ, সাহিত্যে আল মুজাহিদী, সঙ্গীতে আহম্মান আরা বেগম ও লোকমান হোসেন ফকির, চলচ্চিত্রে খান আতাউর রহমান  
(৭- পৃষ্ঠা ৩-এর কঃ দেখুন)

### এবার একুশে পদক (প্রথম পাতার পর)

(মরণোত্তর), ক্রীড়া ও সাংবাদিকতায় আবদুল হামিদ এবং সাংবাদিকতায় মুহাম্মদ নাজিম উদ্দীন মোস্তান। এ ছাড়া সরকার বিশ্বের দরবারে বাংলা ভাষাকে তুলে ধরার ক্ষেত্রে অবদানের স্বীকৃতি হিসাবে ইউনেস্কোকে একুশে পদক ২০০৩-এর জন্য মনোনীত করেছে।  
এদের প্রত্যেককে নগদ ৪০ হাজার টাকা, একটি স্বর্ণপদক ও প্রশংসাপত্র দেয়া হত্ব।